# পরিক্রমা

সংখ্যা # ৭৬: মার্চ ২০১৯

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**

**সিকিউরিটিজ কমিশন ভবন**

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website: www.sec.gov.bd, www.secbd.org, http://www.এসইসিবিডি. বাংলা

E-mail: secbd@bdmail.net

# সূচিপত্র


| ক্রমিক | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন | ০৪ |
| ২. | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ | ০৫ |
| ৩. | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ | ০৬ |
| ৪. | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠা ও কার্যাবলি | ০৭ |
| ৫. | পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম | ০৮ |
| ৬ | কর্পোরেট ফাইন্যান্স | ১৪ |
| ৭. | ক্যাপিটাল ইস্যু | ১৫ |
| ৮. | সার্ভেল্যান্স | ১৮ |
| ৯. | নিবন্ধন | ২১ |
| ১০. | মিউচুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি (এমএফ অ্যান্ড এসপিভি) | ২২ |
| ১১. | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেট অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ | ২৩ |
| | (এসআরএমআইসি) | |
| ১২. | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) | ২৫ |
| ১৩. | এনফোর্সমেন্ট | ২৬ |
| ১৪. | আইন | ২৭ |
| ১৫. | সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস | ২৮ |
| ১৬. | এমআইএস | ২৯ |
| ১৭ | গবেষণা ও উন্নয়ন | ৩১ |
| ১৮ | ফিন্যান্সিয়াল লিটারেসি | ৩২ |
| ১৯ | আন্তর্জাতিক সম্পর্ক | ৩৩ |
| ২০ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিক্স | ৩৪ |
| ২১ | প্রেস রিলিজ | ৩৫ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে ৮ জুন ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়, যার মূল লক্ষ্য হল সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলি বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার নিয়ে গঠিত এবং চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রণের প্রয়োজনীয় বিধি প্রণয়ন এবং সে মোতাবেক বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে সম্পর্কযুক্ত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন ড. এম. খায়রুল হোসেন। কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা ও জনাব খোন্দকার কামালউজ্জামান।

পুঁজিবাজারের সংস্কার কার্যক্রমে আন্তর্জাতিক মান অর্জন করায় ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে আন্তর্জাতিক সংস্থা International Organization of Securities Commissions (IOSCO) কমিশনকে 'A' ক্যাটাগরিতে উন্নীত করে।

# ১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন




ড. এম. খায়রুল হোসেন
**চেয়ারম্যান**



প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী
**কমিশনার**



ড. স্বপন কুমার বালা, এফসিএমএ
**কমিশনার**



জনাব খোন্দকার কামালউজ্জামান
**কমিশনার**

## ২. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ

| ক্রমিক | নাম | দায়িত্বপ্রাপ্ত বিভাগের নাম |
|---|---|---|
| ১ | জনাব ফরহাদ আহমেদ | এসআরআই এবং সিডিএস বিভাগ |
| ২ | মিসেস রুকসানা চৌধুরী | ক্যাপিটাল ইস্যু, এনফোর্সমেন্ট, অফিস অব দি চীফ একাউন্ট্যান্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা এবং এএমএল/সিএফটি উইং |
| ৩ | ড. এ.টি.এম. তারিকুজ্জামান | বর্তমানে লিয়েনে নিউজিল্যান্ড এ অবস্থান করছেন |
| ৪ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম | এসআরএমআইসি এবং প্রশাসন ও অর্থ |
| ৫ | জনাব মোঃ সাইফুর রহমান | সার্ভেল্যান্স বিভাগ, প্রকল্প পরচালক এবং কমিশনের মুখপাত্র |
| ৬ | জনাব মোঃ আশরাফুল ইসলাম | এমআইএস এবং গবেষণা ও উন্নয়ন |
| ৭ | জনাব এম হাছান মাহমুদ | মিউচুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি এবং কর্পোরেট ফাইন্যান্স |
| ৮ | জনাব মাহবুবুল আলম | নিবন্ধন, আন্তর্জাতিক সম্পর্ক, ফাইন্যান্সিয়াল লিটারেসি এবং মহাপরিচালক, বাংলাদেশে একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেট (বিএএসএম) |
| ৯ | জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী | সিএমআরআরসি এবং আইন বিভাগ |

# ৩. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ ও কমিশন সচিব

| ক্রমিক | নাম | বিভাগের নাম |
|---|---|---|
| ০১ | জনাব কামরুল আনাম খান | ক্যাপিটাল ইস্যু |
| ০২ | জনাব মোহাম্মদ রেজাউল করিম | ক্যাপিটাল ইস্যু এবং ফিন্যান্সিয়াল লিটারেসি |
| ০৩ | জনাব মোহাম্মদ শফিউল আজম | এসআরআই |
| ০৪ | জনাব রিপন কুমার দেবনাথ | সিএমআরআরসি |
| ০৫ | জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | এনফোর্সমেন্ট |
| ০৬ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | নিবন্ধন |
| ০৭ | জনাব মোঃ মাহমুদুল হক | মিউচুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি |
| ০৮ | জনাব প্রদীপ কুমার বসাক | ক্যাপিটাল ইস্যু এবং কর্পোরেট ফাইন্যান্স |
| ০৯ | জনাব রাজিব আহমেদ | এমআইএস |
| ১০ | জনাব মোঃ আবুল কালাম | অর্থ |
| ১১ | জনাব মোঃ মনসুর রহমান | এসআরএমআইসি |
| ১২ | জনাব মোহাম্মদ আবুল হাসান | প্রশাসন |
| ১৩ | জনাব শেখ মাহবুব উর রহমান | সার্ভেল্যান্স |
| ১৪ * | মিসেস ফারহানা ফারুকী | কমিশন সচিবালয় এবং আন্তর্জাতিক সম্পর্ক |
| ১৫ | জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ | গবেষণা ও উন্নয়ন |

* পরিচালক ও কমিশন সচিব

## ৪. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠা ও কার্যাবলি

একটি দক্ষ, স্বচ্ছ ও নিরপেক্ষ পুঁজিবাজার কোনো দেশের শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এরূপ নিরপেক্ষ জবাবদিহিতামূলক একটি পুঁজিবাজার সৃষ্টির উদ্দেশ্যে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা হিসেবে বিএসইসি প্রতিষ্ঠিত হয়, যার মূল উদ্দেশ্যসমূহ:

- সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন; এবং
- এতদ্‌সংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধি প্রণয়ন ।

কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার-এর সমন্বয়ে গঠিত হয় যাঁরা সরকার কর্তৃক চার বছর মেয়াদের জন্য নিযুক্ত হয়ে থাকেন এবং তাঁদের চাকরির শর্তাবলি সরকার কর্তৃক নির্ধারিত হয়। সরকার তাঁদেরকে ৬৪ বছর বয়স অনতিক্রম সাপেক্ষে পুনঃনিয়োগ দিতে পারেন। কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন কমিশনের চেয়ারম্যান।

সিকিউরিটিজ আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন তার সকল কাজ পরিচালনা করে থাকে। কমিশনের উল্লেখযোগ্য কার্যাবলি নিম্নরূপ:

- সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন;
- সিকিউরিটিজ সংক্রান্ত বিধি প্রণয়ন;
- সিকিউরিটিজ লেনদেন সার্ভেল্যান্স করা;
- তালিকাভুক্ত কোম্পানির কর্পোরেট গভর্ন্যান্স পরিপালন নিশ্চিত করা;
- দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম চলমান রাখা;
- সিকিউরিটিজ আইন ও বিধি অমান্যকারীদের বিরুদ্ধে এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ;
- পুঁজিবাজার ও বাজার মধ্যস্থতাকারীদের নিয়ন্ত্রণ; এবং
- গবেষণা পরিচালনা ও তথ্য প্রকাশ।

# ৫. পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম

## বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স ঢাকা ২০১৯




প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আ হ ম মোস্তাফা কামাল, এফসিএ, এমপি 'বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স ঢাকা-২০১৯' কনফারেন্সে বক্তৃতা দিচ্ছেন

দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ২৮ মার্চ ২০১৯ তারিখে 'বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স ঢাকা ২০১৯' কনফারেন্সের আয়োজন করে। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আ হ ম মোস্তাফা কামাল, এফসিএ, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম। বিএসইসির চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে বিএসইসির কমিশনারবৃন্দ, কর্মকর্তাগণ এবং পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। মাননীয় অর্থমন্ত্রী জনাব আ হ ম মোস্তাফা কামাল বলেন, সূচক দেশের অর্থনীতির সাথে সম্পৃক্ত, অর্থনীতির আকার বড় হলে পুঁজিবাজারও বড় হবে। তিনি বলেন, অর্থনীতি আর পুঁজিবাজার একসূত্রে গাঁথা। পুঁজিবাজারকে পেছনে রেখে দেশের অর্থনীতিকে এগিয়ে নেওয়া যাবে না। বিনিয়োগকারীদের উদ্দেশ্যে তিনি বলেন, পুঁজিবাজারে বিনিয়োগের জন্য সবার আগে বিনিয়োগ শিক্ষা নিতে হবে। ভালোভাবে জেনে ও বুঝে পুঁজিবাজারে বিনিয়োগ করতে হবে। তিনি বলেন, বিনিয়োগকারীরাই পুঁজিবাজারের প্রাণ। তারা বিনিয়োগ না করলে শিল্পের চাকা ঘুরবে না। বিনিয়োগকারীদেরকে তিনি দীর্ঘ মেয়াদে বিনিয়োগ করার অনুরোধ করেন।

সভাপতির বক্তব্যে বিএসইসির চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন বলেন, বিনিয়োগ সুরক্ষার জন্য বিনিয়োগ শিক্ষা অন্যতম হাতিয়ার। এর মাধ্যমে নিজের বিনিয়োগকে সুরক্ষিত রাখা যায়। এছাড়া, কোথায় বিনিয়োগ করতে হবে বিনিয়োগকারীরা সেটা বুঝতে পারেন। দেশের পুঁজিবাজারে বিনিয়োগযোগ্য পণ্যের ঘাটতির বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে তিনি বলেন, বাজারে নতুন পণ্য প্রচলনের পাশাপাশি বন্ড মার্কেটের উন্নয়ন করতে হবে। তবে, এক্ষেত্রে কর সংক্রান্ত জটিলতা রয়েছে। এ জটিলতা দূর করতে মাননীয় অর্থমন্ত্রীর সহযোগিতা প্রয়োজন।

বিএসইসির কমিশনার অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী বলেন, একটি দেশের অর্থনীতি যত উন্নত, সে দেশের পুঁজিবাজারও তত উন্নত। আর এ উন্নতির জন্য প্রয়োজন জ্ঞাননির্ভরতা। জ্ঞাননির্ভর বাজারের উন্নয়ন অত্যাবশ্যকীয়। তবে দুঃখের বিষয় হলো বাংলাদেশের পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্ত শিক্ষা নেই বললেই চলে। এ কারণে সর্বস্তরের বিনিয়োগকারীদের মধ্যে বিনিয়োগ শিক্ষা ছড়িয়ে দিতে বিএসইসি কাজ করে যাচ্ছে।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোঃ মাহবুবুল আলম; প্যানেল-আলোচক ছিলেন বিএসইসির নির্বাহী পরিচালক জনাব ফরহাদ আহমেদ, ডিবিএ প্রেসিডেন্ট জনাব শাকিল রিজভী ও সিডিবিএল-এর ব্যবস্থাপনা পরিচালক শুভ্র কান্তি চৌধুরী।

## Innovation in Public Service




বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন কক্সবাজারের সাইমন বিচ রিসোর্টে অনুষ্ঠিত কর্মশালায় উদ্ভাবনী ধারণা সংক্রান্ত বিষয়ে বক্তৃতা দিচ্ছেন

কেবিনেট ডিভিশনের সিদ্ধান্ত বাস্তবায়নের অংশ হিসেবে প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i (Access to Information) প্রোগ্রামের আওতায় গত ৮-৯ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে বিএসইসি, ডিএসই, সিএসই ও সিডিবিএল-এর যৌথ উদ্যোগে কক্সবাজারের সাইমন বিচ রিসোর্টে 'Innovation in Public Service' একটি কর্মশালার আয়োজন করা হয়। এই কর্মশালায় উক্ত প্রতিষ্ঠানের কর্মকর্তাদেরকে কর্মক্ষেত্রে উদ্ভাবনী ধারণা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়।

বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন, অতিরিক্ত সচিব ও a2i প্রজেক্টের পরিচালক জনাব মোস্তাফিজুর রহমান, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, বিএসইসি'র কমিশনারবৃদ, নির্বাহী পরিচালক, পরিচালক ; ঢাকা স্টক এক্সচেঞ্জ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এবং সিডিবিএল-এর ব্যবস্থাপনা পরিচালক ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ কর্মশালায় উপস্থিত ছিলেন।

# Brightening the Capital Market of Bangladesh: Introducing Central Counter-party (CCP) Bangladesh Ltd




বিএসইসি'র কমিশনার অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী গাজীপুরের BRAC CDM-এ অনুষ্ঠিত কর্মশালায় সিসিপি সংক্রান্ত বিষয়ে বক্তৃতা দিচ্ছেন

বিএসইসি'র সিসিপি ফর্মেশন কমিটি ১৫-১৬ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে গাজীপুরের BRAC CDM-এ বিএসইসি, ঢাকা স্টক এক্সচেঞ্জ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এবং সিডিবিএল-এর কর্মকর্তাদের জন্য একটি কর্মশালার আয়োজন করে। কর্মশালায় বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া, অন্যান্যের মধ্যে বিএসইসি'র কমিশনারবৃন্দ, নির্বাহী পরিচালক, পরিচালক; ঢাকা স্টক এক্সচেঞ্জ চেয়ারম্যান ড. আবুল হাশেম, ব্যবস্থাপনা পরিচালক জনাব কে এ এম মাজেদুর রহমান; চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব সাইফুর রহমান মজুমদার এফসিএ; সিডিবিএল-এর ব্যবস্থাপনা পরিচালক শুভ্র কান্তি চৌধুরী প্রমুখ কর্মশালায় উপস্থিত ছিলেন ।

# বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স রংপুর ২০১৯




বিএসইসির চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন রংপুরের জেলা পরিষদ কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত কনফারেন্সে উপস্থিত বিনিয়োগকারী ও উদ্যোক্তাদের উদ্দেশ্যে বক্তৃতা দিচ্ছেন

দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন রংপুরের জেলা পরিষদ কমিউনিটি সেন্টারে ৯ মার্চ ২০১৯ তারিখে 'বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স রংপুর ২০১৯' কনফারেন্সের আয়োজন করে। কনফারেন্সে বিপুল সংখ্যক বিনিয়োগকারী ও উদ্যোক্তদের সমাগম ঘটে। বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে বিএসইসির কমিশনারবৃন্দ, কর্মকর্তাগণ এবং পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

# বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স চট্টগ্রাম ২০১৯



বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স চট্টগ্রাম ২০১৯ বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন মাননীয় শিক্ষা উপমন্ত্রী জনাব মুহিবুল হাসান চৌধুরীকে ক্রেস্ট প্রদান করছেন

দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন চট্টগ্রামের কাজির দেউড়িতে অবস্থিত ইন্টারন্যাশন্যাল কনভেনশন সেন্টারে ৩০ মার্চ ২০১৯ তারিখে 'বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স চট্টগ্রাম ২০১৯' কনফারেন্সের আয়োজন করে। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী জনাব মুহিবুল হাসান চৌধুরী। কনফারেন্সে বিপুল সংখ্যক বিনিয়োগকারী ও উদ্যোক্তার সমাগম ঘটে। বিএসইসির চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে বিএসইসির কমিশনারবৃন্দ, কর্মকর্তাগণ এবং পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের গুরুত্ব তুলে ধরে শিক্ষা উপমন্ত্রী জনাব মুহিবুল হাসান চৌধুরী বলেন, পুঁজিবাজারে ফড়িয়া ব্যবসায়ীর ন্যায় বিনিয়োগকারী ও পুঁজি সংগ্রহকারীর পরিবর্তে দক্ষ ব্যবসায়ী, বিনিয়োগকারী ও পুঁজি সংগ্রহকারীর প্রয়োজন। তিনি জ্ঞাননির্ভর বিনিয়োগের বিকল্প নেই বলে মন্তব্য করেন। তিনি বলেন, পুঁজিবাজারে সুশাসন নিশ্চিত করা এবং নিয়ন্ত্রক সংস্থার আইনি সক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন।

বিএসইসির চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন বলেন, পুঁজিবাজার সম্পূর্ণ নির্ভর করে বিনিয়োগকারীর উপরে। বিনিয়োগকারীদের অবশ্যই বাজার নিয়ে পড়াশুনা করে বিনিয়োগের সিদ্ধান্ত নিতে হবে। বাজার সংশ্লিষ্টরা বিনিয়োগকারীদের সাথে প্রতারণা করলে, বিএসইসি তাদের বিরুদ্ধে আইনসম্মত ব্যবস্থা নিবে। কিন্তু নিজে নিজে বা অন্য কোনো ভাবে প্রতারিত হলে কমিশন তার দায় নিবে না। বিনিয়োগকারীর স্বার্থকে প্রাধান্য দেয়া হবে। তবে, কয়েক জনের স্বার্থের জন্য পুঁজিবাজার ধ্বংস হবে সেটা কমিশন হতে দিবে না।

বিএসইসির কমিশনার অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী বলেন, বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের মাধ্যমে বিনিয়োগকারীদের সচেতন করতে হবে। বিনিয়োগ শিক্ষা কার্যক্রম বিষয়টি মূল ধারার পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করার পরিকল্পনা কমিশনের রয়েছে। বিএসইসি'র কমিশনার ড. স্বপন কুমার বালা, এফসিএমএ এবং জনাব খোন্দকার কামালউজ্জামান উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে বিএসইসির নির্বাহী পরিচালক জনাব মোঃ মাহবুবুল আলম এবং পরিচালক জনাব মোঃ রেজাউল করিম ২টি মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

## ৬. কর্পোরেট ফাইন্যান্স

| ক্রমিক | বিবরণ | গৃহীত ব্যবস্থা | কোম্পানির সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | IPO/RPO/ Rights Issue/ Convertible Preference Shares-এর তহবিল ব্যবহার প্রসঙ্গে প্রতিবেদন | IPO/RPO/ Rights Issue/Convertible Preference Shares-এর মাধ্যমে উত্তোলিত তহবিল ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন/নিরীক্ষা প্রতিবেদন কমিশন কর্তৃক গৃহীত হয়েছে। | ০৪ |
| | | IPO/Rights Issue-এর মাধ্যমে উত্তোলিত তহবিল এর পরিবর্তিত ব্যবহারের প্রস্তাব কমিশন কর্তৃক গহীত হয়েছে। | ০৪ |
| | | ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানিসমূহকে নির্দেশ দেওয়া | ০১ |
| ০২. | ৩০ জুন ২০১৭ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীসমূহ | ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানিসমূহকে নির্দেশ দেওয়া হয়েছে। | ০১ |
| ০৩. | ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে সমাপ্ত প্রথম প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীসমূহ | ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানিসমূহকে নির্দেশ দেওয়া হয়েছে। | ০১ |
| ০৪. | নিরপেক্ষ পরিচালক নিয়োগ | সম্মতি দেয়া হয়েছে। | ০৫ |
| | | সম্মতি দেয়া হয়নি। | ০১ |

## ৭. ক্যাপিটাল ইস্যু

- **মূলধন উত্তোলনের অনুমোদনপ্রাপ্ত প্রাইভেট লিমিটেড কোম্পানিসমূহের তালিকা :**

| ক্রমিক | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | টাকা |
|---|---|---|---|
| ১ | ইউনিক্যাপ সিকিউরিটিজ লি. | ০৬.০১.২০১৯ | ৩২৫,০০০,০০০ |
| ২ | ওয়ালটন ডিজি-টেক ইন্ডাস্ট্রিজ লি. | ১৪.০১.২০১৯ | ২০০,০০০,০০০ |
| ৩ | আর-প্যাক বাংলাদেশ প্যাকেজিং লি. | ১৫.০১.২০১৯ | ১৭৬,০০০,০০০ |
| ৪ | সামিট গাজীপুর-২পাওয়ার লি. | ১৬.০১.২০১৯ | ৩,৫০০,০০০,০০০ |
| ৫ | হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট কোং লি. | ১৮.১০.২০১৮ | ২১,৯৯৯,৪০০ |
| ৬ | অনিক ট্রীম্স লি. | ২১.০১.২০১৯ | ৫১০,১০০,০০০ |
| ৭ | এগ্রীকো বাংলাদেশ পাওয়ার সলিউশনস লি. | ২৮.০১.২০১৯ | ১,০৩৪,৭৩৪,৯০০ |
| ৮ | এ কে খান ওয়াটারহেলথ (বাংলাদেশ) লি. | ২৮.০১.২০১৯ | ৪৩,২৭৭,৭০০ |
| ৯ | এগ্রীকো বাংলাদেশ এনার্জি সলিউশনস লি. | ২৮.০১.২০১৯ | ৭৮৬,১৯০,০০০ |
| ১০ | এমিগো বাংলাদেশ লি. | ০৪.০২.২০১৯ | ৩,৮০৬,৫৬১,০০০ |
| ১১ | ভিআইপি ইন্ডাস্ট্রিজ বিডি ম্যানুফেকচারিং প্রাইভেট লি. | ০৫.০২.২০১৯ | ৪১,৮৭৫,০০০ |
| ১২ | মনডেলেজ বাংলাদেশ প্রাইভেট লি. | ০৭.০২.২০১৯ | ২৩৬,৬৮২,৫০০ |
| ১৩ | স্ট্রোটেজিক ফাইন্যান্স লি. | ০৭.০২.২০১৯ | ৭৫০,০০০,০০০ |
| ১৪ | মান্ডিফার্মা (বাংলাদেশ) প্রাইভেট লি. | ১২.০২.২০১৯ | ৫০,০০০,০০০ |
| ১৫ | মসলিন ক্যাপিটাল লি. | ১৩.০২.২০১৯ | ৫০,০০০,০০০ |
| ১৬ | হাওলাদার ইক্যুইটি সার্ভিস লি. | ১৪.০২.২০১৯ | ১৯,৯৮০,০০০ |
| ১৭ | ইপিক গার্মেন্টস ম্যানুফেকচারিং কোং লি. | ১৮.০২.০২০১৯ | ২৭৩,০৭৫,০০০ |
| ১৮ | ম্যাক্সিম লেভেল এন্ড প্যাকেজিং (বাংলাদেশ) প্রাইভেট লি. | ২০.০২.২০১৯ | ৪৫৯,৫৪৬,০০০ |
| ১৯ | কুশিয়ারা পাওয়ার কোং লি. | ২০.০২.২০১৯ | ১,৫৫০,০০০,০০০ |
| ২০ | মনোহর ফিলামেন্টস (বিডি) লি. | ২৫.০২.২০১৯ | ১৫২,৭২১,১৬০ |
| ২১ | কনফিডেন্স পাওয়ার বগুড়া ইউনিট-২ কোং লি. | ০৪.০৩.২০১৯ | ৭০০,০০০,০০০ |
| ২২ | ঢাকা ব্যাংক সিকিউরিটিজ লি. | ১৩.০৩.২০১৯ | ৯৪,৫৯৪,৫০০ |
| ২৩ | ওসটিম বাংলাদেশ লি. | ০৭.০৩.২০১৯ | ৭১,৪৪৬,৬০০ |
| ২৪ | বারাকা শিকালবাহা পাওয়ার লি. | ১৩.০৩.২০১৯ | ২,১৫৫,০০০,০০০ |
| ২৫ | থ্রি এঙ্গেল মেরিন লি. | ১৩.১২.২০১৮ | ২৩০,০০০,০০০ |
| ২৬ | আর. এ. স্পিনিং মিল্স লি. | ১৮.০৩.২০১৯ | ৪০০,০০০,০০০ |
| ২৭ | আরএফএল ইলেকট্রনিক্স লি. | ১৮.০৩.২০১৯ | ১৩২,৩৬৮,৪৭০ |
| ২৮ | মোস্তফা মেটাল ইন্ডাস্ট্রিজ লি. | ১৮.০৩.২০১৯ | ২৫০,৫৫০,০০০ |
| ২৯ | আর আর ইম্পেরিয়াল ইলেকট্রিক্যালস লি. | ১৯.০৩.২০১৯ | ১৪০,০০০,০০০ |
| ৩০ | কনফিডেন্স পাওয়ার বগুড়া লি. | ২৫.০৩.২০১৯ | ৭০০,০০০,০০০ |
| ৩১ | কনফিডেন্স পাওয়ার রংপুর লি. | ২৫.০৩.২০১৯ | ৭০০,০০০,০০০ |
| | **মোট টাকা** | | **১৯,৫৬১,৭০২,২৩০** |

- **মূলধন উত্তোলনের অনুমোদনপ্রাপ্ত পাবলিক লিমিটেড কোম্পানিসমূহের তালিকা :**

| ক্রমিক | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | টাকা |
|---|---|---|---|
| ১ | সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লি. (প্রপোজড) | ০৯.০১.২০১৯ | ৩,০০০,০০০,০০০ |
| ২ | এসএস পাওয়ার-১ লি. | ১৬.০১.২০১৯ | ৩২,৮৪০,২৪৫,৫৪০ |
| ৩ | জনতা ব্যাংক লি. | ২৩.০১.২০১৯ | ৪,০০০,০০০,০০০ |
| ৪ | মেঘনা ব্যাংক লি. | ২৩.০১.২০১৯ | ২৬৫,৯৮০,০০০ |
| ৫ | মাস্টার ফিড এগ্রোটেক লি. | ২৯.০১.২০১৯ | ৪৫২,৪৪০,০০০ |
| ৬ | এসটিএস ক্যাপিটাল লি. | ০৭.০২.২০১৯ | ৫,৪০০ |
| ৭ | বিডিবিএল ইনভেস্টমেন্ট সার্ভিস লি. | ১৮.০২.২০১৯ | ৩০০,০০০,০০০ |
| ৮ | বিডিবিএল সিকিউরিটিজ লি. | ১৮.০২.২০১৯ | ৩০০,০০০,০০০ |
| ৯ | কেমিকো ফার্মাসিউটিক্যালস লি. | ১৮.০২.২০১৯ | ৪৮৮,১০৮,০০০ |
| ১০ | গোবেক্স ফার্মাসিউটিক্যালস লি. | ২০.০২.২০১৯ | ২৪,০৮৫,০০০ |
| ১১ | গ্রীন কেয়ার এগ্রো লি. | ২৭.০২.২০১৯ | ৮৫,৬৫০,০০০ |
| ১২ | লিংক-৩ টেকনোলোজিস লি. | ০৩.০৩.২০১৯ | ১২২,০১১,৬২০ |
| ১৩ | লংকাবাংলা এসেট ম্যানেজমেন্ট কোং লি. | ০৪.০৩.২০১৯ | ৪০০,০০০,০০০ |
| ১৪ | ন্যাশনাল ফাইন্যান্স লি. | ০৪.০৩.২০১৯ | ৭৯,৩৫৫,০৫০ |
| ১৫ | বেকা গার্মেন্ট এন্ড টেক্সটাইলস লি. | ০৬.০৩.২০১৯ | ৭৫০,০০১,০০০ |
| ১৬ | ডব্লিউ অ্যান্ড ডব্লিউ কোং লি. | ০৬.০৩.২০১৯ | ৪০০,০১০,০০০ |
| ১৭ | কৃষিবীদ ফিড লি. | ১৮.০৩.২০১৯ | ৭৫,০০০,০০০ |
| ১৮ | ইনফ্রাসট্রাকচার ডেভেলপমেন্ট কোং লি. (আইডিসিওএল) | ১৮.০৩.২০১৯ | ৫০০,০০০,০০০ |
| ১৯ | আলবি টেক্সটাইলস মিলস লি. | ১৯.০৩.২০১৯ | ৫০২,০০০,০০০ |
| ২০ | ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লি. | ২১.০৩.২০১৯ | ৩৭৮,৯৬১,০০০ |
| ২১ | বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক লি. | ২৭.০৩.২০১৯ | ৪,২৫০,০০০,০০০ |
| | **মোট টাকা** | | **৪৯,২১৩,৮৫২,৬১০** |

- **বন্ড ও ডিবেঞ্চার ইস্যুর মাধ্যমে মূলধন উত্তোলনের অনুমোদনপ্রাপ্ত কোম্পানিসমূহের তালিকা:**

| ক্রমিক | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | টাকা |
|---|---|---|---|
| ১ | ইন্ডাস্টিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইনান্স কোং লি | ০৩.০২.২০১৯ | ২,০০০,০০০,০০০ |
| ২ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. | ০৫.০২.২০১৯ | ৭,০০০,০০০,০০০ |
| ৩ | এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লি. | ১৯.০২.২০১৯ | ৬,০০০,০০০,০০০ |
| ৪ | এবি ব্যাংক লি. | ০৫.০৩.২০১৯ | ৫,০০০,০০০,০০০ |
| | **মোট টাকা** | | **২০,০০০,০০০,০০০** |

## • প্রসপেক্টাস প্রকাশের অনুমোদিত কোম্পানিগুলোর বিবরণী:

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) রুলস, ২০১৫ এর অধীনে জানুয়ারি হতে মার্চ, ২০১৯ সময়কালে কমিশন কর্তৃক প্রসপেক্টাস প্রকাশের অনুমোদনপ্রাপ্ত কোম্পানিসমূহের বিবরণী:

| ক্রমিক | কোম্পানির নাম | সম্মতিপত্র প্রদানের তারিখ | ইস্যু মূল্য (টাকা) | আইপিও টাকা (প্রিমিয়ামসহ যদি থাকে) টাকা |
|---|---|---|---|---|
| ১. | রানার অটোমোবাইলস লিমিটেড | ০৩-০১-২০১৯ | ৭৫.০০ (যোগ্য বিনিয়োগকারী) ৬৭.০০ (সাধারণ বিনিয়োগকারী) | ১০০,০০,০০,০০০ |
| ২. | নিউ লাইন ক্লোথিংস লিমিটেড | ২২-০১-২০১৯ | ১০.০০ | ৩০,০০,০০,০০০ |
| ৩. | সিলকো ফার্মাসিউটিক্যালস লিমিটেড | ০৭-০২-২০১৯ | ১০.০০ | ৩০,০০,০০,০০০ |
| ৪. | কপারটেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ২৭-০২-২০১৯ | ১০.০০ | ২০,০০,০০,০০০ |
| ৫. | সী পাঁল বিচ রিসোর্ট এ্যান্ড স্পা লিমিটেড | ২৫-০৩-২০১৯ | ১০.০০ | ১৫,০০,০০,০০০ |

# ৮. সার্ভেল্যান্স

## দৈনন্দিন বাজার সার্ভেল্যান্স :

দৈনন্দিন পুঁজিবাজার সার্ভেল্যান্স-এর অংশ হিসেবে সার্ভেল্যান্স বিভাগের কর্মকর্তাগণ স্টক এক্সচেঞ্জের দৈনন্দিন লেনদেন কর্মকাণ্ডের ক্ষেত্রে কোনো অনিয়ম, সন্দেহজনক লেনদেন এবং বাজার আচরণ বিধির পরিপন্থি কোন কিছু ঘটে থাকলে তা কমিশনের সার্ভেল্যান্স সিস্টেম 'InstantWatch Market' ব্যবহারপূর্বক পর্যবেক্ষণ ও তদারকির মাধ্যমে নির্ণয় করে থাকেন। দৈনিক লেনদেন শেষে একটি দৈনিক প্রতিবেদন তৈরি করা হয়, যেখানে প্রতিদিনের লেনদেনের একটি সারসংক্ষেপ তুলে ধরা হয়। উক্ত প্রতিবেদনের অনুলিপি চেয়ারম্যান, কমিশনারগণ এবং সংশ্লিষ্ট নির্বাহী পরিচালককে সরবরাহ করা হয়।

## তদন্ত ও অনুসন্ধান :

সিকিউরিটিজ লেনদেনে স্বচ্ছতা ও বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেনের তদন্ত ও অনুসন্ধানের মাধ্যমে সিকিউরিটিজ সংক্রান্ত সকল আইন-কানুনের প্রয়োগ নিশ্চিত করা প্রয়োজন। জানুয়ারি-মার্চ ২০১৯ সময়কালে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সার্ভেল্যান্স বিভাগ কর্তৃক শেয়ার লেনদেন সম্পর্কিত কোন তদন্ত কার্যক্রম পরিচালিত হয়নি। এছাড়া, উক্ত সময়ে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) সিকিউরিটিজ লেনদেন সম্পর্কিত নিম্নবর্ণিত অনুসন্ধান প্রতিবেদন কমিশনের নিকট দাখিল করেছে:

**ক. তদন্ত: নাই**

**খ. অনুসন্ধান**

| ক্রমিক | অনুসন্ধানের ধরন | অনুসন্ধানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১. | ০৯ জুলাই ২০১৮ থেকে ২২ জুলাই ২০১৮ সময়কালে পেনিনসুলা চিটাগাং লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ০২. | ১৯ জুন ২০১৮ থেকে ০২ জুলাই ২০১৮ সময়কালে রতনপুর স্টিল রি রোলিং মিলস লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ০৩. | ১৮ জুলাই ২০১৮ থেকে ০২ আগস্ট ২০১৮ সময়কালে সিমটেক্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ০৪. | ১৯ জুন ২০১৮ থেকে ১০ জুলাই ২০১৮ এবং ০১ জুন ২০১৮ থেকে ১৮ ২০১৮ জুন সময়কালে ফুওয়াং ফুডস লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ০৫. | ০৫ জুন ২০১৮ থেকে ১০ জুলাই ২০১৮ সময়কালে মুন্নু সিরামিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |

| ক্রমিক | অনুসন্ধানের ধরন | অনুসন্ধানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০৬. | ১৯ জুন ২০১৮ থেকে ১৬ জুলাই ২০১৮ সময়কালে এইচআর টেক্সাইলস লিমিটেড-এর লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ০৭. | ১১ সেপ্টেম্বর ২০১৮ থেকে ১৮ সেপ্টেম্বর ২০১৮ সময়কালে ফাইন ফুডস লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ০৮. | ০৩ জুলাই ২০১৮ থেকে ২৫ জুলাই ২০১৮ সময়কালে খুলনা প্রিন্টিং এন্ড প্যাকেজিং লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ০৯. | ০২ অক্টোবর ২০১৮ থেকে ০৫ নভেম্বর ২০১৮ সময়কালে ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১০. | ১৫ জুলাই ২০১৮ থেকে ৩১ জুলাই ২০১৮ সময়কালে রেনউইক যজ্ঞেশ্বর অ্যান্ড কো (বিডি) লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১১. | ০২ ডিসেম্বর ২০১৮ থেকে জানুয়ারি সময়কালে এমারেল্ড অয়েল ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১২. | ৩০ সেপ্টেম্বর ২০১৮ থেকে ১৩ নভেম্বর ২০১৯ সময়কালে সোনালি আঁশ লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১৩. | ২৯ অক্টোবর ২০১৮ থেকে ০৭ নভেম্বর ২০১৮ এবং ০৬ নভেম্বর থেকে ২৬ নভেম্বর ২০১৮ সময়কালে এসকে ট্রিমস অ্যান্ড ইন্ড্রাস্ট্রিজ লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১৪. | ২৫ সেপ্টেম্বর ২০১৮ থেকে ০৭ নভেম্বর ২০১৮ সময়কালে ভিএফএস থ্রেড ডায়িং লি.-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১৫. | ০১ নভেম্বর ২০১৮ থেকে ০২ ডিসেম্বর ২০১৮ সময়কালে রূপালি ইন্সুরেন্স লি.-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১৬. | ০৩ ডিসেম্বর ২০১৮ থেকে ০৬ জানুয়ারি ২০১৯ সময়কালে বিচ হ্যাচারী লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১৭. | ২৯ অক্টোবর ২০১৮ থেকে ২৮ নভেম্বর ২০১৮ সময়কালে সায়হাম কটন মিলস লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১৮. | ২৯ অক্টোবর ২০১৮ থেকে ১২ নভেম্বর ২০১৮ সময়কালে এমএল ডায়িং লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১৯. | ০৮ আগস্ট ২০১৮ থেকে ০৬ ডিসেম্বর ২০১৮ সময়কালে এমবি ফার্মাসিউটিক্যালস লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ২০. | ১৬ অক্টোবর ২০১৮ থেকে ২৫ নভেম্বর ২০১৮ সময়কালে এডভেন্ট ফার্মা লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ২১. | ০৩ ফেব্রুয়ারি ২০১৮ থেকে ১৪ ফেব্রুয়ারি ২০১৮ সময়কালে কোহিনুর ক্যামিকেলস লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ২২. | ২৩ অক্টোবর ২০১৮ থেকে ২৭ নভেম্বর ২০১৮ সময়কালে প্যারামাউন্ট টেক্সটাইলস লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |

জানুয়ারি – মার্চ ২০১৯ সময়কালে 'Instant Watch' market surveillance system এ যেসব শর্ট-সেল এলার্ট পরিলক্ষিত হয়েছে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা মোতাবেক ঐ সকল এলার্ট-এর উপর অনুসন্ধানপূর্বক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করেছে। উল্লিখিত সময়কালে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড কর্তৃক দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদন পরীক্ষান্তে ২২ (বাইশ)টি স্টক ব্রোকার/স্টক ডিলার-এর বিরুদ্ধে তালিকাভূক্ত বিভিন্ন সিকিউরিটিজ এ শর্ট-সেল-এর প্রমাণ পাওয়ায় তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনের এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে।

## ৯. নিবন্ধন

নিবন্ধন বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, অনুমোদিত প্রতিনিধি, মার্চেন্ট ব্যাংক ক্রেডিট রেটিং এজেন্সি, সম্পদ ব্যবস্থাপক, ডিপজিটরি অংশগ্রহণকারী, ফান্ড ম্যানেজার, ট্রাস্টি, কাস্টডিয়াল-এর সনদ প্রদান এবং নবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পদন করে থাকে। এ সময়ে নিম্নোক্ত সনদ ইস্যু ও নবায়ন করা হয়েছেঃ

| ক্রমিক | ইস্যুকৃত সনদের ধরন | ইস্যুকৃত সনদের সংখ্যা | নবায়নকৃত সনদের সংখ্যা | শাখা অনুমোদন | অফিস স্থানান্তর |
|---|---|---|---|---|---|
| ০১. | স্টক ডিলার (i) | ০০ (ডিএসই) | ৪০ | ০১ | ০১ |
| | | ০৩ (সিএসই) | ১০ | -- | -- |
| ০২. | স্টক ব্রোকার (i) | ০০ (ডিএসই) | ৪১ | -- | -- |
| | | ০২ (সিএসই) | | -- | -- |
| ০৩. | অনুমোদিত প্রতিনিধি (i) | ৪৬ (ডিএসই) | ৩৫৮ | -- | -- |
| | | ০০ (সিএসই) | -- | -- | -- |
| ০৪. | মার্চেন্ট ব্যাংক (ii) | ০১ | -- | -- | -- |
| ০৫. | সম্পদ ব্যবস্থাপক (iii) | ০২ | -- | -- | -- |
| ০৬. | সিকিউরিটি কাস্টডিয়ান (iv) | ০১ | -- | -- | -- |
| ০৭. | ডিপজিটরি অংশগ্রহণকারী (v) | ০০ (সিডিবিএল) | ৩৮ | -- | -- |
| ০৮. | ডেট সিকিউরিটিজ-এর জন্য ট্রাস্টি (vi) | ০৮ | -- | -- | -- |
| ০৯. | ফান্ড ম্যানেজার (vii) | ০১ | -- | -- | -- |
| ১০. | ট্রাস্টি (vii) | ০১ | -- | -- | -- |

- **নিবন্ধন বিভাগ যে সকল বিধিমালা/প্রবিধানমালার অধীনে কার্যক্রম পরিচালনা করে থাকে তার তালিকা নিম্নরূপঃ**

i. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০;
ii. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬;
iii. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১;
iv. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটিজ কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩;
v. ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩;
vi. Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012;
vii. Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015;

# ১০. মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি (এমএফ অ্যান্ড এসপিভি)

এ সময়ে নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করা হয়েছে:

| ক্রমিক | ফান্ডের নাম | অনুমোদনের তারিখ | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
|---|---|---|---|
| ০১ | ক্যাপিটেক পপুলার লাইফ পি.এফ. ইউনিট ফান্ড (বে-মেয়াদি)<br>উল্লেখ্য যে, উক্ত ফান্ড সম্মতিপত্রের শর্ত পরিপালন ব্যতীত চাঁদা গ্রহণ আরম্ভ করায় ৭ মার্চ, ২০১৯ তারিখে এর অনুমোদন বাতিল করা হয়। | ১৪.০১.২০১৯ | ১০.০০ |

## ১১. সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেটস অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ (এসআরএমআইসি)

| ক্রমিক | কোম্পানির নাম | বছর | এজিএম তারিখ | লভ্যাংশ | |
|---|---|---|---|---|---|
| | | | | নগদ | শেয়ার |
| ১ | ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লি. | ২০১৮০৬ | ১২/০১/১৯ | ১০. | - |
| ২ | মেঘনা পেট্রোলিয়াম লি. | ২০১৮০৬ | ১২/০১/১৯ | ১৪০. | - |
| ৩ | ইস্টার্ন লুব্রিকেন্টস লি. | ২০১৮০৬ | ১৯/০১/১৯ | ১০০. | - |
| ৪ | পাওয়ার গ্রিড কোম্পানি অফ বাংলাদেশ লিমিটেড | ২০১৮০৬ | ১৯/০১/১৯ | ১৭. | - |
| ৫ | এস. আলম কোল্ড রোল্ড স্টিলস লি. | ২০১৮০৬ | ১৯/০১/১৯ | ১০. | - |
| ৬ | আনোয়ার গ্যালভানাইজিং লি. | ২০১৮০৬ | ২৩/০১/১৯ | ১০. | - |
| ৭ | এইচ আর টেক্সটাইল লি. | ২০১৮০৬ | ২৩/০১/১৯ | ১০. | - |
| ৮ | ইস্টার্ন ক্যাবলস লি. | ২০১৮০৬ | ২৬/০১/১৯ | - | ১০% |
| ৯ | শাহজিবাজার পাওয়ার কোম্পানি লিমিটেড | ২০১৮০৬ | ২৭/০১/১৯ | ২৫. | ৩% |
| ১০ | যমুনা অয়েল কোম্পানি লিমিটেড | ২০১৮০৬ | ০২/০২/১৯ | ১৩০. | - |
| ১১ | সিনোবাংলা ইন্ডাস্ট্রিজ লি. | ২০১৮০৬ | ০৩/০২/১৯ | ১০. | - |
| ১২ | ম্যাকসন্স স্পিনিং মিলস্ লি. | ২০১৮০৬ | ০৬/০২/১৯ | ৫. | - |
| ১৩ | পদ্মা অয়েল কোম্পানি লি. | ২০১৮০৬ | ১৬/০২/১৯ | ১৩০. | - |
| ১৪ | লংকাবাংলা ফাইন্যান্স লি. | ২০১৮১২ | ২৭/০৩/১৯ | ১৫. | - |
| ১৫ | বীচ হ্যাচারি লি. | ২০১৮০৬ | ২৮/০৩/১৯ | নাই | - |
| ১৬ | আইডিএলসি ফাইন্যান্স লি | ২০১৮১২ | ২৮/০৩/১৯ | ৩৫. | - |
| ১৭ | ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কো. লি. | ২০১৮১২ | ৩১/০৩/১৯ | ২৫. | ১০% |
| ১৮ | গ্রীন ডেল্টা ইন্সুরেন্স লি. | ২০১৮১২ | ৩১/০৩/১৯ | ১০. | ১০% |
| ১৯ | আই পি ডি সি ফাইন্যান্স লিমিটেড | ২০১৮১২ | ৩১/০৩/১৯ | ৭. | ৮% |
| ২০ | প্রাইম ইন্সুরেন্স কোম্পানি লি. | ২০১৮১২ | ৩১/০৩/১৯ | ১০. | - |
| ২১ | রিলায়েন্স ইন্সুরেন্স লি. | ২০১৮১২ | ৩১/০৩/১৯ | ১৫. | ১০% |

• **তালিকাভুক্ত কোম্পানির বিরুদ্ধে অভিযোগঃ**

| অভিযোগের প্রকৃতি | গৃহীত অভিযোগের সংখ্যা | প্রক্রিয়াধীন | মীমাংসিত |
|---|---|---|---|
| ঘোষিত লভ্যাংশ প্রদান না করা অথবা দেরিতে প্রদান | ১৫ | ৪ | ১১ |
| বার্ষিক প্রতিবেদন না পাওয়া | ৮ | ৮ | - |
| শেয়ারের ডিমেট সংক্রান্ত | ১ | ১ | - |
| বিবিধ | ১৪ | - | ১৪ |
| **মোট** | **৩৮** | **১৩** | **২৫** |

এসইসি-এর নোটিফিকেশন নং এসইসি/এসআরএমআইসি/৯৪-২৩১/২৭১ তারিখ ১২.১০.২০১১ অনুযায়ী ডিএসই, সিএসই এবং সিডিবিএল তালিকাভুক্ত কোম্পানির বিরুদ্ধে আনীত অভিযোগ মীমাংসা করে এবং কমিশনের নিকট উপরোক্ত ছক মোতাবেক তথ্য প্রেরণ করে।

# ১২. সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই)

এসআরআই বিভাগ মার্চেন্ট ব্যাংকার, স্টক ডিলার, স্টক ব্রোকার, ডিপজিটরি পার্টিসিপেন্টস, সিকিউরিটি কাস্টডিয়ান ব্যাংক, সম্পদ ব্যবস্থাপক কোম্পানি, মার্কেট মেকার্স, সিকিউরিটি লেন্ডারস ও বরোয়ার্স্ ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে থাকে। এই বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, ডিপি ও মার্চেন্ট ব্যাংকসমূহ নিয়মিত পরিদর্শন করে। এছাড়া, প্রয়োজন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানসমূহে বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করে। এসআরআই বিভাগ সাধারণ বিনিয়োগকারী ও অন্যান্য স্টেক হোল্ডারদের অভিযোগ নিয়েও কাজ করে।

### ক. বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে আনীত অভিযোগ :

| অভিযোগের প্রকৃতি | গৃহীত অভিযোগের সংখ্যা | | | প্রক্রিয়াধীন/ স্থগিতকৃত | আইনগত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিএসই'তে প্রেরণ | নিষ্পত্তিকৃত অভিযোগ |
|---|---|---|---|---|---|---|---|
| | জানুয়ারি-মার্চ, ২০১৯ | পূর্ববর্তী | মোট | | | | |
| শেয়ার হারানো সংক্রান্ত | ০১ | - | ০১ | - | - | ০১ | - |
| অনুমোদন ব্যতীত শেয়ার বিক্রয় সংক্রান্ত | ০৬ | ০৫ | ১১ | - | ০২ | ০৫ | ০৪ |
| শেয়ার হস্তান্তর না করা সংক্রান্ত | ০১ | - | ০১ | - | - | - | ০১ |
| বিক্রয়লব্ধ অর্থ পরিশোধ না করা | ০১ | - | ০১ | ০১ | - | - | - |
| শেয়ার হস্তান্তর না করার কারণে সৃষ্ট আর্থিক ক্ষতি | ০১ | - | ০১ | ০১ | - | - | - |
| স্টক ডিলার/ব্রোকার ও অন্যান্যদের দুর্নীতি/অনিয়ম | ০৪ | ০৩ | ০৭ | ০২ | - | ০২ | ০৩ |
| নগদ/চেক/ডিভিডেন্ড/বোনাস সংক্রান্ত | ০১ | - | ০১ | - | - | ০১ | - |
| বিবিধ | ১০ | ০৬ | ১৬ | - | ০১ | ০৭ | ০৮ |
| মোট | ২৫ | ১৪ | ৩৯ | ০৪ | ০৩ | ১৬ | ১৬ |

### খ. এসআরআই বিভাগ কর্তৃক পরিচালিত পরিদর্শন কার্যক্রম (জানুয়ারি-মার্চ, ২০১৯)

| ক্রমিক | বিবরণ | পরিদর্শন | পরিদর্শনের সংখ্যা | এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | নিষ্পত্তি | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|
| ০১. | স্টক ব্রোকার/স্টক ডিলার | মাসিক নিয়মিত পরিদর্শন | - | - | - | - |
| | | বিশেষ পরিদর্শন | ০১ | - | - | ০১ |
| মোট | | | ০১ | | | ০১ |

# ১৩. এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার দরুন এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লঙ্ঘনকারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক জরিমানা আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থাদি গ্রহণ করে। সিকিউরিটিজ আইনের আওতায় পরিদর্শন ও তদন্ত কার্যাদি সম্পন্ন করা হয়। পরিদর্শন/ তদন্তকালে সিকিউরিটিজ আইন পরিপালন না করা সংক্রান্ত প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও শুনানি সম্পন্ন করে কমিশনের নিকট তা পেশ করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করে ।

সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার, স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার, অনুমোদিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অন্যান্যদের বিরুদ্ধে কমিশন কর্তৃক এ সময়ে গৃহীত এনফোর্সমেন্ট কার্যক্রমসমূহ প্রদর্শন করা হল:

| ক্রমিক | প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠান/ব্যক্তি (সংখ্যায়) | এনফোর্সমেন্ট ব্যবস্থার ধরন | |
|---|---|---|---|---|
| | | | জরিমানা | সতর্কীকরণ |
| ১ | ইস্যুয়ার কোম্পানি/পরিচালক | ১২ | ৭ | ৫ |
| ২ | স্টক ব্রোকার/স্টক ডিলার/ মার্চেন্ট ব্যাংক/ অনুমোদিত প্রতিনিধি | ৩০ | ২ | ২৮ |
| ৩ | অন্যান্য | ৩৪ | ১৫ | ১৯ |
| | মোট | **৭৬** | **২৪** | **৫২** |

## ১৪. আইন

কমিশন কর্তৃক এবং কমিশনের বিরুদ্ধে মোট ৫৩৭টি মামলা বিভিন্ন আদালতে বর্তমানে বিচারাধীন রয়েছে। মামলাসমূহের আদালতভিত্তিক অবস্থান নিম্নরূপ:

| ক্রমিক | আদালতের নাম | | মামলার সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | বাংলাদেশ সুপ্রীম কোর্ট | আপীল বিভাগ | ১৩টি |
| | | হাইকোর্ট বিভাগ | ২৩০টি |
| ০২. | স্পেশাল ট্রাইব্যুনাল, বিএসইসি, ঢাকা | | ১৪টি |
| ০৩. | জেলা জজ আদালত, যুগ্ম জেলা জজ আদালত, সহকারী জজ আদালত, ঢাকা | | ১১টি |
| ০৪. | চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকা | | ০৪টি |
| ০৫. | শ্রম আদালত, ঢাকা | | ০২টি |
| ০৬. | জেনারেল সার্টিফিকেট আদালত, ঢাকা | | ২৬২টি |
| **মোট মামলার সংখ্যা** | | | **৫৩৭টি** |

# ১৫. সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস

এ সময়ে পুঁজিবাজারে ডিপজিটরি ব্যবস্থায় নিম্নলিখিত কোম্পানি ও মিউচুয়াল ফান্ড অন্তর্ভুক্ত হয়েছে:

| কোম্পানির নাম | অন্তর্ভুক্তির তারিখ |
|---|---|
| আইসিবি এএমসিএল দ্বিতীয় এনআরবি ইউনিট ফান্ড | ০১ জানুয়ারি ২০১৯ |
| এস এস স্টিল লিমিটেড | ১৭ জানুয়ারি ২০১৯ |
| লেক্সকো লিমিটেড | ৬ ফেব্রুয়ারি ২০১৯ |
| জেনেক্স ইনফোসিস লিমিটেড | ৬ ফেব্রুয়ারি ২০১৯ |
| শান্তা আমানাহ্ শরিয়াহ ফান্ড | ১৩ ফেব্রুয়ারি ২০১৯ |
| এসইমিএল এফবিএলএসএল গ্রোথ ফান্ড | ৪ মার্চ ২০১৯ |
| এসকোয়ার নীট কম্পোজিট লিমিটেড | ৪ মার্চ ২০১৯ |
| রানার অটোমোবাইলস্ লিমিটেড | ২০ মার্চ ২০১৯ |

# ১৬. এমআইএস

- অটোমেশন ডেভেলপমেন্টের মাধ্যমে বিএসইসি'র বিভিন্ন বিভাগের কার্যাবলি সম্পাদনে সম্ভাব্য সহায়তা দেয়া, কম্পিউটারাইজড তথ্য বিশ্লেষণভিত্তিক পুঁজিবাজার মনিটরিং সিস্টেম গড়ে তোলা, ওয়েবের মাধ্যমে সকলকে সিকিউরিটিজ আইন ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে অবগত করা এবং কমিশনকে আধুনিক ইনফরমেশন টেকনোলজি পদ্ধতি ব্যবহারের মাধ্যমে সমৃদ্ধ করা এমআইএস বিভাগের মূল লক্ষ্য।

- কমিশনের জন্য একটি ডাইনামিক নতুন ওয়েবসাইট তৈরি করা হয়েছে এবং এতে উদ্ভাবনী প্রক্রিয়ায় তথ্য উপস্থাপন করা হয়েছে। বিএসইসি'র ওয়েবসাইটে (www.sec.gov.bd ও www.secbd.org) সিকিউরিটিজ সংশ্লিষ্ট আইন, রুল্স, রেগুলেশন, অর্ডার, ডাইরেক্টিভ, নোটিফিকেশন ইত্যাদি উদ্ভাবনী প্রক্রিয়ায় উপস্থাপন করা হয়েছে যা ব্যবহারকারীগণের জন্য তথ্য খুঁজে পেতে অধিকতর সহায়ক হয়েছে। এছাড়া, ওয়েবসাইটে পুঁজিবাজারের উল্লেখযোগ্য ঘটনাবলি, প্রেস বিজ্ঞপ্তি, IPO প্রসপেক্টাস, Rights অফার ডকুমেন্ট, এনফোর্সমেন্ট কার্যক্রম, বিনিয়োগকারীদের প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাবলি, বিভিন্ন ধরনের বাজার মধ্যস্থতাকারীদের তালিকাসহ বিবিধ তথ্যাদি সন্নিবেশিত করা হয়েছে। তথ্যগুলি নিয়মিত হালনাগাদ করা হয়।

- কমিশনে সরকারের ই-ফাইলিং (ই-নথি) সিস্টেম বাস্তবায়নের জন্য কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। ই-নথি বাস্তবায়িত হলে কমিশনের সকল বিভাগ কাগজে সনাতন নথি পদ্ধতির বদলে ইন্টারনেটভিত্তিক ইলেক্ট্রনিক নথিতে দাপ্তরিক নথি উপস্থাপন করতে সক্ষম হবে। ফলে অধিকতর দক্ষতার সাথে দাপ্তরিক কার্যক্রম পরিচালিত হবে। সরকারের এক্সেস টু ইনফরমেশন (a2i) উক্ত ই-নথি পদ্ধতি কমিশনে বাস্তবায়নে সহায়তা করছে।

- কমিশন ই-সার্ভিস রোডম্যাপ ২০২১ প্রণয়ন করেছে, যার বাস্তবায়নও প্রক্রিয়াধীন রয়েছে। ই-সার্ভিসগুলো বাস্তবায়িত হলে কমিশনের যেসকল সেবা ই-সার্ভিসের মাধ্যমে প্রদান করা যায়, সেগুলোর ম্যানুয়াল পদ্ধতি প্রতিস্থাপিত হবে ইলেক্ট্রনিক পদ্ধতির মাধ্যমে। এর ফলে নাগরিক ও স্টেকহোল্ডারগণ এ পদ্ধতির সুবিধা ভোগ করবেন।

- কমিশন সরকারের e-gp পোর্টালের মাধ্যমে দাপ্তরিক ক্রয় কার্যক্রম পরিচালনা করছে। এমআইএস বিভাগ এ কাজে প্রয়োজনীয় সহায়তা প্রদান করছে।

- বর্তমানে বিএসইসি'র সকল কর্মকর্তা তাদের দৈনন্দিন কার্যক্রমে কম্পিউটার ব্যবহার করে থাকেন। অফিসের সকল কম্পিউটার ল্যান-এর আওতাভুক্ত। বিএসইসিতে পুরাতন ইন্টিগ্রেটেড সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন অটোমেটেড সিস্টেম (SECAS) বিদ্যমান রয়েছে। বিএসইসি'র কর্মকর্তাবৃন্দ তাঁদের ওয়ার্ক স্টেশন থেকে সংযুক্ত ল্যানের মাধ্যমে ২০০ এমবিপিএস গতির ব্রডব্যান্ড ইন্টারনেট শেয়ারড ভিত্তিতে ব্যবহার করছেন।

- এমআইএস বিভাগ কমিশনের চাহিদা মোতাবেক বিভিন্ন সিস্টেম ডেভেলপমেন্ট, মডিফিকেশন, ওয়েবসাইট আপগ্রেডেশন ও আইটি ইনফ্রাস্টাকচার মেইনটেন্যান্স কাজের পরিকল্পনা, পরিচালন ও সাপোর্টের কাজ করে থাকে।

জানুয়ারি–মার্চ, ২০১৯ এ ওয়েবসাইটে কিছু আপলোডের সংখ্যা:

| কাজ | সংখ্যা |
|---|---|
| আইপিও প্রসপেক্টাস স্থাপন | ৫টি |
| মিউচুয়াল ফান্ড প্রসপেক্টাস স্থাপন | ১টি |
| এনফোর্সমেন্ট অ্যাকশন স্থাপন | ৭৩টি |
| অন্যান্য আদেশ/ নোটিফিকেশন/ডাইরেক্টিভ ইত্যাদি স্থাপন | ২টি |
| মতামতের জন্য প্রস্তাবিত খসড়া আইন স্থাপন | ১টি |
| প্রেস বিজ্ঞপ্তি | ১৩টি |

# ১৭. গবেষণা ও উন্নয়ন

## এ সময়ে নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করা হয়:

ক. চাহিদা মোতাবেক সরকারের নিকট মাসিক প্রতিবেদন প্রেরণ:

১. মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন

২. কমিশনের মাসিক উলেখযোগ্য/গুরুত্বপূর্ণ কার্যাবলীর প্রতিবেদন

খ. চাহিদা মোতাবেক কেন্দ্রীয় বাংকের নিকট মাসিক প্রতিবেদন প্রেরণ:

১. পুঁজিবাজারের মাসিক লেনদেনের প্রতিবেদন প্রেরণ

- নিম্নোক্ত প্রতিবেদন সম্পাদনা করা হয় :

| প্রতিবেদনের নাম | প্রকাশকাল |
|---|---|
| বার্ষিক প্রতিবেদন ইংরেজি | ২০১৭- ২০১৮ |
| ত্রৈমাসিক প্রতিবেদন পরক্রিমা | ১টি |
| Quaterly Review | ১টি |

# ১৮. ফিন্যান্সিয়াল লিটারেসি

কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি বিভাগ দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম সংক্রান্ত বিভিন্ন সেমিনার, ওয়ার্কশপ, কনফারেন্স এবং বিনিয়োগকারীদের যথাযথ অংশগ্রহণ ও বিনিয়োগ সিদ্ধান্তগ্রহণে সচেতন করার লক্ষ্যে বিনিয়োগ শিক্ষা কার্যক্রম এবং বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ শিক্ষা কার্যক্রম অনুমোদন এবং স্টক এক্সচেঞ্জের ট্রেকহোল্ডারে কর্মরত অনুমোদিত প্রতিনিধিদের প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করে থাকে। বিভাগীয় কার্যাবলি নিম্নরূপঃ

| ক্রমিক | বিবরণ | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| ০১ | অনুমোদিত প্রতিনিধিদের প্রশিক্ষণ | ৪৮ |
| ০২ | প্রাত্যহিক বিনিয়োগ শিক্ষা কার্যক্রম-এর মাধ্যমে প্রশিক্ষণ | ৬৮ |
| ০৩ | বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ শিক্ষা কার্যক্রম | ১৬৬ |
| ০৪ | বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তির জন্য প্রশিক্ষণ | ৪০৩ |
| | **মোট** | **৬৮৫** |

## ১৯. আন্তর্জাতিক সম্পর্ক

### আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ এ সময় নিম্নরূপ কার্যাবলি সম্পাদন করেছেঃ

১. বিএসইসি-এর কর্মকর্তাদের ইংরেজি ভাষায় দক্ষতা বৃদ্ধির জন্য ব্রিটিশ কাউন্সিল, বাংলাদেশ-এর মাধ্যমে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ফলে সহকারী পরিচালক ও ব্যক্তিগত কর্মকর্তা পর্যায়ের ২০ (বিশ) জন কর্মকর্তা ২৫ ফেব্রুয়ারি ২০১৯ দুই মাস মেয়াদি প্রশিক্ষণ গ্রহণ করছে। আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ এই কর্মসূচির সমন্বয়কারী বিভাগ হিসেবে দায়িত্ব পালন করছে।

২. আগামী ৮-১১ জুলাই ২০১৯ সময়ব্যপী বিএসইসি এর আয়োজনে বাংলাদেশে অনুষ্ঠিত APEC-FRTI এর সেমিনার বিষয়ে ADB এর সাথে নিয়মিত যোগাযোগ বজায় রাখা হচ্ছে।

৩. এছাড়া, উক্ত সময়সীমায় বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার Survey তে সংশ্লিষ্ট সময়ে অংশগ্রহণ করা হয়েছে এবং বৈদেশিক নানা সংস্থার Query এর প্রেক্ষিতে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ কর্তৃক তা সংশ্লিষ্ট সংস্থায় প্রেরণ ও পরবর্তীতে ধারাবাহিকভাবে যোগাযোগ করা হয়েছে।

# ২০. স্টক এক্সচেঞ্জের অপারেশনাল স্ট্যাটিসটিক্স

## ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড

| মাস | ডিএসই ইনডেক্স (DSEX) | বাজার মূলধন (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেনের পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | | সিকিউরিটিজ লেনদেনের পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জানুয়ারি | ৫৮২১.০১ | ৪১৬৩৬০৪ | ২৩ | ৬৩০৪ | ২৭৪ | ২২৩৪৭৯.৪৫ | ৯৭১৬.৫০ |
| ফেব্রুয়ারি | ৫৭১১.৮৩ | ৪১৫০৭৩৮ | ১৮ | ৩০৯৯ | ১৭২ | ১৩৭৭৯১.৩৮ | ৭৬৫৫.০৮ |
| মার্চ | ৫৪৯১.৯১ | ৪১১৯৬৫৩ | ১৯ | ১৮৭৫ | ৯৯ | ৯৩৯১৭.৮৫ | ৪৯৪৩.০৪ |
| **মোট** | | | ৬০ | **১১২৭৯** | **১৮৮** | **৪৫৫১৮৮.৬৮** | **৭৫৮৬.৪৮** |

মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে।

## চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড

| মাস | সকল শেয়ার এর মূল্য সূচক | বাজার মূলধন (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেনের পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | | সিকিউরিটিজ লেনদেনের পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জানুয়ারি | ১৭৮৯০.৯২ | ৩৪৫৪৩৩৬.৭৬ | ২৩ | ৩৬৮.৬৯ | ১৬.০৩ | ১০২১৫.৩০ | ৪৪৪.১৪ |
| ফেব্রুয়ারি | ১৭৪৭৩.৪৮ | ৩৪৩২০০৯.৯০ | ১৮ | ১৫২.১৪ | ৮.৪৫ | ৪৮১৬.৩০ | ২৬৭.৫৭ |
| মার্চ | ১৬৮০৩.১৬ | ৩৪০২৭৬৭.৯১ | ১৯ | ১০৭.৪৭ | ৫.৬৬ | ৩৪৭৫.৬৫ | ১৮২.৯৩ |
| **মোট** | | | ৬০ | **৬২৮.৩০** | **১০.৪৭** | **১৮৫০৭.২৫** | **৩০৮.৪৫** |

মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে।

**উৎস: ঢাকা স্টক এক্সচেঞ্জ লি. (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লি. (সিএসই)**

## ২১. প্রেস রিলিজ

এ সময়ে কমিশন ১৩টি প্রেস রিলিজ ইস্যু করেছে; যা কমিশনের ওয়েবসাইটে (www.sec.gov.bd এবং www.secbd.org) সন্নিবেশিত আছে।